কালের কণ্ঠ

তারিখ ... 01 SEP 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৬ ......

# কৃষি বিশ্ববিদ্যালয়ে নিয়োগ বাতিলের সিদ্ধান্ত স্থগিত

নিজস্ব প্রতিবেদক ▷

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারী নিয়োগ বাতিলের সিদ্ধান্ত স্থগিত করেছেন হাইকোর্ট। একই সঙ্গে ওই নিয়োগ বাতিলের সিদ্ধান্ত কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করা হয়েছে।

বিচারপতি মির্জা হোসেইন হায়দার ও বিচারপতি এ কে এম জহিরুল হকের হাইকোর্ট বেঞ্চ গতকাল সোমবার এ আদেশ দেন। শিক্ষাসচিব, কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রেজিস্ট্রার, অতিরিক্ত রেজিস্ট্রার, ডেপুটি রেজিস্ট্রার ও বাছাই কমিটিকে চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে। ওই বিশ্ববিদ্যালয়ের ৮১ জন কর্মচারীর করা এক রিট আবেদনের ওপর প্রাথমিক শুনানি শেষে গতকাল এ আদেশ দেওয়া হয়। আদালতে রিট আবেদনের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার বদরুদ্দোজা বাদল। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল আল-আমীন সরকার। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে গত ২৬ ফেব্রুয়ারি তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারী পদে ৩১৩ জনকে নিয়োগ দেওয়া হয়। কিন্তু গত ১৯ আগস্ট এক আদেশে ৯৫ জনের নিয়োগ বাতিল করা হয়। এ সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে বাদপড়া কর্মচারীদের মধ্যে ৮১ জন হাইকোর্টে রিট করেন।